

বেসিক ব্যাংক লিমিটেড
ট্রেজারি এবং ক্যাপিটাল মার্কেট সার্ভিসেস ডিভিশন
প্রধান কার্যালয়, ঢাকা

সূত্র নং-৫৩.০৯.০০০০.৮৩১.১৮.০০৩.২৪.২৯৪৩

তারিখঃ ০১.০৪.২০২৪

প্রতিঃ সকল শাখা ও উপশাখা প্রধান/সার্কেল ও বিভাগীয় প্রধান।

বিষয়ঃ ঋণ ও অগ্রিমের সুদ হার পুনঃ নির্ধারণ।

ক. বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগের ২৯ ফেব্রুয়ারি, ২০২৪ তারিখের বিআরপিডি সার্কুলার লেটার নং-১১-এর নির্দেশনা মোতাবেক ব্যাংকের ঋণ ও অগ্রিমের সুদের হার পুনঃনির্ধারণ করা হয়েছে। পুনঃনির্ধারিত সুদের হার ০১.০৪.২০২৪ তারিখ হতে কার্যকর হবে যা ৩০.০৪.২০২৪ পর্যন্ত বলবৎ থাকবে।

খ. বিদ্যমান, নবায়ন, মঞ্জুরীকৃত ও মঞ্জুরীতব্য সকল প্রকার ঋণ ও অগ্রিমের পুনঃনির্ধারিত সুদ হারঃ

ক্রমিক নং	খাতসমূহ	বার্ষিক সুদের হার
১.	কৃষি ও পল্লী ঋণ	১২.৫৫% (SMART-১০.৫৫% + Spread-২.০০%)
২.	ব্যাংকের নিজস্ব স্থায়ী আমানতের বিপরীতে ঋণ	FDR-এর বিপরীতে প্রদেয় সুদ হার + ২% মার্জিন
৩.	অন্যান্য ব্যাংকের স্থায়ী আমানতের বিপরীতে ঋণ	FDR-এর বিপরীতে প্রদেয় সুদ হার + ৩% মার্জিন
৪.	ব্যাংকের নিজস্ব বিভিন্ন আমানতের বিপরীতে ঋণ	স্কীমে উল্লেখিত শর্তসমূহ প্রযোজ্য
৫.	Packing Credit (PC) ও ECC (Export Cash Credit (ECC)	১২.৫৫% (SMART-১০.৫৫% + Spread-২.০০%)
৬.	উল্লেখিত খাতসমূহ এবং নিম্নবর্ণিত ব্যতিক্রম ব্যতিত অন্যান্য সকল ঋণসমূহ	১৩.৫৫% (SMART-১০.৫৫% + Spread-৩.০০%)

বিঃদ্রঃ ক) ০১.১০.২০২৩ তারিখ হতে ৩১.১০.২০২৩ এবং ০১.০৪.২০২৪ তারিখ হতে ৩০.০৪.২০২৪ তারিখের মধ্যে নবায়নকৃত, বিতরণকৃত ও পুনঃতফশীলকৃত অথবা Settlement/Exit সুবিধা প্রাপ্ত ঋণ ও অগ্রিম হিসাবের বিপরীতে এই হার কার্যকর হবে।

খ) এছাড়াও, ০১.০৪.২০২৪ তারিখ হতে ৩০.০৪.২০২৪ তারিখের মধ্যে যে সকল হিসাবসমূহ (অশ্রেণীকৃত ও শ্রেণীকৃত) পূর্ববর্তী সুদহার পরিবর্তনের তারিখ হতে ০৬ (ছয়) মাস অতিক্রম করেছে বা করবে সে সকল ঋণ ও অগ্রিম হিসাবসমূহে এই নতুন সুদ হার কার্যকর হবে।

এ নির্দেশনার সাথে সুদ সংক্রান্ত পূর্বে জারীকৃত সার্কুলার সমূহের অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে। অত্র পুনঃনির্ধারিত সুদের হার সময় সময় পরিবর্তন যোগ্য।

শাখাসমূহকে পত্র মারফত পুনঃনির্ধারিত সুদের হার সকল গ্রাহককে অবহিত করতে হবে। পত্রে “সুদের হার সময় সময় পরিবর্তন যোগ্য” কথাটির উল্লেখ নিশ্চিত করতে হবে।

সুদের হার সম্পর্কিত কোন ব্যাখ্যার প্রয়োজন হলে নিম্ন স্বাক্ষরকারিগণের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হল।


মোঃ সাহিদুল হাসান

উপ-মহাব্যবস্থাপক


অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. একান্ত সচিব, ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও, বেসিক ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।

২. একান্ত সচিব, উপ-ব্যবস্থাপনা পরিচালক, বেসিক ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।

৩. সকল মহাব্যবস্থাপক, বেসিক ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।

৪. বিভাগীয় প্রধান, আইসিটি বিভাগ-পরিবর্তিত সুদহার কার্যকরীকরণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের/শাখাকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান সহ ব্যাংকের Web-Site-এ upload করার অনুরোধ সহ।


মোঃ ইছমাইল
মহাব্যবস্থাপক